**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্কের সামুদ্রিক মাছ ধরার শিল্পে 5.7 মিলিয়ন ডলারের ফেডারাল কোভিড-19 ত্রাণ বিতরণ করার কথা ঘোষণা করেছেন

## *প্রদানগুলি মহামারী সম্পর্কিত ব্যবসায়িক ক্ষতির দ্বারা প্রভাবিত সামুদ্রিক বাণিজ্যিক এবং মাছ ধরার জন্য ভাড়ার শিল্পগুলিকে সরাসরি অর্থ প্রদান করে*

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে 5.7 মিলিয়ন ডলারের ফেডারেল সহায়তা প্রদান করা হচ্ছে একত্রিত বরাদ্দ আইন (Consolidated Appropriations Act) দ্বারা, যা নিউ ইয়র্কের সামুদ্রিক খাবার, সামুদ্রিক বাণিজ্যিক, এবং ভাড়ার জন্য মাছ ধরার শিল্পে বিতরণ করা হচ্ছে। তহবিলটি করোনাভাইরাস সহায়তা, ত্রাণ, এবং অর্থনৈতিক নিরাপত্তা (Coronavirus Aid, Relief, and Economic Security, CARES) অ্যাক্টের 7.4 মিলিয়ন ডলারের সাথে সংযোজিত হলো, অর্থাৎ কোভিড-19 মহামারীর কারণে 2020 ও 2021 সালে অত্যধিক ব্যবসায়িক ক্ষতির সম্মুখীন হওয়া নিউ ইয়র্কের সামুদ্রিক মাছ ধরার শিল্পের সহায়তার জন্য মোট 13.1 মিলিয়ন ডলার উপলব্ধ থাকবে।

"কোভিড-19 মহামারী গত দুই বছর পর্যটন, ডাইনিং এবং বিনোদন শিল্পগুলিকে ব্যাপকভাবে ব্যাহত করেছে এবং নিউ য়র্কের সামুদ্রিক মাছ ধরার শিল্পগুলিও এর প্রভাবে পড়ে," **গভর্নর হোকল বলেছেন।** "নিউ ইয়র্ক স্টেট জুড়ে অগণিত সম্প্রদায়ের মধ্যে মাছ ধরার শিল্পসমূহ গুরুত্বপূর্ণ অর্থনৈতিক চালকের কাজ করে, এবং আজ প্রদত্ত তহবিল চাকরি বজায় রাখতে এবং আগামী প্রজন্মের জন্য এই শিল্পের ভবিষ্যতের সমৃদ্ধি নিশ্চিত করতে সহায়তা করার জন্য অপরিহার্য।"

"বহু সামুদ্রিক মাছ ধরার ব্যবসাকে কোভিড মহামারী জুড়ে লড়াই করতে হয়েছিল কারণ শ্রমিকদের নিয়োগ করা বা ধরে রাখা কঠিন হয়ে পড়েছিল এবং ব্যবসার মডেলটি একটি রেস্তোরাঁ-ভিত্তিক মডেলের চেয়ে সরাসরি গ্রাহক-ভিত্তিক মডেলে চলে গিয়েছিল," **লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডো বলেছেন।** "সামুদ্রিক মাছ ধরার শিল্পের জন্য এই অতিরিক্ত ফেডারেল বরাদ্দকরণ পূর্বে প্রদত্ত করোনাভাইরাস তহবিলকে ছাপিয়ে এবং অতিক্রম করেও বহু প্রয়োজনীয় ত্রাণ প্রদান করবে এবং নিউ ইয়র্কের সামুদ্রিক খাবার, সামুদ্রিক বাণিজ্যিক, এবং ভাড়ার জন্য মাছ ধরার শিল্পগুলিকে বাঁচাতে সাহায্য করবে।"

স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) সামুদ্রিক মৎস্য ত্রাণ কর্মসূচি (Marine Fisheries Relief Program নিউ ইয়র্কের সামুদ্রিক মাছ ধরার শিল্পকে সহায়তা করার জন্য এবং কোভিড-19 অর্থনৈতিক পুনরুদ্ধারে গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করার জন্য ফেডারল সহায়তা প্রদান করে। সামুদ্রিক খাবার, বাণিজ্যিক মাছ ধরা এবং সামুদ্রিক বিনোদনমূলক ভাড়ার জন্য উপলব্ধ মাছ ধরার ব্যবসাগুলি থেকে যোগ্য নিউ ইয়র্ক রাজ্যের আবেদনকারীদের বিগত পাঁচ বছরের তুলনায় 2020 সালে এবং 2021 সালে তাদের রিপোর্ট করা অর্থনৈতিক ক্ষতির উপর ভিত্তি করে ত্রাণ প্রদান করা হয়েছে।

**ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন কমিশনার বাসিল সেগোস বলেছেন,** "আমরা আমাদের সামুদ্রিক মাছ ধরার এবং সামুদ্রিক খাবারের শিল্পগুলিকে সমর্থন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যখন তারা কোভিড-19 মহামারীর দ্বারা পরিবর্ধিত চ্যালেঞ্জগুলির প্রতি প্রতিক্রিয়া জানায়। গভর্নর হোকল দ্বারা ঘোষিত এবং আমাদের ফেডারেল নেতাদের দ্বারা সুরক্ষিত এই সহায়তা এই শিল্পগুলিকে পুনরুদ্ধার করার জন্য অপরিহার্য, কিন্তু আমাদের অবশ্যই আমাদের সামুদ্রিক মাছ ধরার স্বার্থগুলিকে সহায়তা করতে এবং শক্তিশালী করতে হবে যা অমূল্য বিনোদনের সুযোগ এবং তাজা, স্থানীয় সামুদ্রিক খাবার প্রদান করে।"

**সিনেটর চাক শুমার বলেছেন,** "এটি নিউ ইয়র্কের মাছ ধরার শিল্পের জন্য একটি বিরাট অর্জন। আমি গ্রেট লেকস থেকে লং আইল্যান্ড সাউন্ড পর্যন্ত ব্যবসাসমূহের জন্য ঐতিহাসিক 5.7 মিলিয়ন ডলারের ফেডারেল ত্রাণের ব্যবস্থা করতে পেরে গর্বিত। নিউ ইয়র্কের সামুদ্রিক মৎস্য শিল্প এখনো কোভিড-19 মহামারীর প্রভাবে ধুকছে এবং এই নিবেদিত সহায়তা আমাদের সর্বপ্রাচীন ঐতিহ্যবাহী শিল্পগুলির একটিকে বিপদ কাটিয়ে পুনরুদ্ধার লাভ করতে ও উজ্জ্বলতর ভবিষ্যতের দিকে এগিয়ে যেতে সাহায্য করবে।"

**প্রতিনিধি আদ্রিয়ানো এসপাইল্লাট বলেছেন,** "নিউ ইয়র্কের মৎস্য শিল্প রাজ্যের অর্থনৈতিক সুস্থতার একটি প্রয়োজনীয় অংশ, এবং আমি 2022 সালের ফেডারেল বাজেটের মাধ্যমে কংগ্রেসে সুরক্ষিত ফেডারেল তহবিলে 5.7 মিলিয়ন বরাদ্দ করার আজকের ঘোষণার জন্য গভর্নর হোকলকে সাধুবাদ জানাই যা মহামারীর প্রভাবের পরে নিউ ইয়র্কের মৎস্য শিল্পের পুনরুদ্ধারের উদ্দেশ্যে চলমান ত্রাণ সহায়তা করবে। এই অতি-প্রয়োজনীয় অর্থায়ন ব্যক্তিবর্গ ও পরিবরদের জন্য কর্মসংস্থানকে উদ্দীপিত করবে যাদের জীবিকা আমাদের রাজ্যের মধ্যে মৎস শিল্পের সাথে জড়িত।"

নিউ ইয়র্কের মৎস শিল্প সম্পর্কিত ব্যবসাগুলি থেকে মোট গড় বার্ষিক রাজস্বের উপর ভিত্তি করে ন্যাশনাল ওশেনিক অ্যান্ড অ্যাটমোস্ফেরিক অ্যাডমিনিস্ট্রেশন ফিশারিজের (National Oceanic and Atmospheric Administration Fisheries, NOAA) দ্বারা রাজ্যের বরাদ্দ নির্ধারণ করা হয়েছিল। ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (Department of Environmental Conservation, DEC) তহবিল বিতরণের ফ্রেমওয়ার্ক স্থাপন করার জন্য এবং তহবিল বিতরণের জন্য NOAA ফিশারিজ ও আটলান্টিক স্টেটস মেরিন ফিসারিজ কমিশনের (Atlantic States Marine Fisheries Commission, ASMFC) সাথে সহযোগিতামূলকভাবে কাজ করেছে। পুরষ্কার প্রাপকরা তাদের আবেদনে প্রদত্ত ঠিকানায় ডাক মারফত একটি চেক সহ একটি চিঠি পাবেন।

DEC ডিসেম্বর 1, 2021 থেকে জানুয়ারি 14, 2022 এর আবেদনের সময়ের মধ্যে 204 টি আবেদন পেয়েছে। যোগ্য সময়সীমার মধ্যে 35 শতাংশ রাজস্বের ক্ষতি প্রদর্শন করা আবেদনকারী সহ 194 জন আবেদনকারী যারা রাজ্য ও ফেডরাল প্রযজনীয়তাসমূহ পূরণ করেন, তাদের পুরস্কৃত করা হবে। যে সকল আবেদনকারীদের আবেদন প্রত্যাখান করা হয়, তাদের জয়ন্ত DEC আপিলের একটি সুযোগ প্রদান করছে এবং যারা যোগ্য বলে মনে করা হচ্ছে তাদের জন্য সহায়তা সংরক্ষণ করা হচ্ছে।

আজকে প্রদান করা অর্থের পরিমাণ 400 থেকে 100,000 ডলার - এবং যোগ্য আবেদনকারীরা 17,500 ডলারের বেশি প্রাপ্ত হন। প্রদান করা অর্থের পরিমাণ আবেদনকারীর রিপোর্ট করা ক্ষতির উপর ভিত্তি করে স্থির করা হয়েছিল এবং তারা তাদের রিপোর্ট করা ক্ষতির 40 শতাংশ অবধি অর্থ পেয়েছিলেন। প্রাপ্ত আবেদনগুলির মধ্যে অর্ধেকেরও বেশি বাণিজ্যিক হার্ভেস্টারদের কাছ থেকে পাওয়া, যারা কয়েকশো হাজার ডলার পর্যন্ত ক্ষতির সম্মুখীন হয়েছেন। সামুদ্রিক খাদ্য শিপিংয়ের ব্যবসাগুলি এবং জলজ চাষের শিল্প আবেদনের একটি অপেক্ষাকৃত ছোট অংশের প্রতিনিধিত্ব করে, কিন্তু তাদের লোকসান বহু মিলিয়ন ডলার ছাড়িয়ে গেছে। নিউ ইয়র্কের ভাড়ার-জন্য উপলব্ধ মাছ ধরার শিল্পক্ষেত্র কয়েক হাজার থেকে কয়েকশো হাজার ডলার পর্যন্ত উল্লেখযোগ্য অর্থনৈতিক ক্ষতির সম্মুখীন হয়েছে। কিছু পুরস্কার গ্রহণকারী ফেডারেল অডিটের আওতাভুক্ত হতে পারে। মেরিন ফিশারিজ রিলিফ প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্যের জন্য DEC-র ওয়েবসাইটে যান।

অর্থ প্রদানের ফ্রেমওয়ার্ক তৈরি করার সময় DEC একটি শিল্পের প্রতিনিধিদের একটি উপদেষ্টা গোষ্ঠী প্রতিষ্ঠা করে ইনপুট প্রদান করার জন্য এবং অপরিহার্য পর্যালোচনার জন্য। নিউ ইয়র্কের বৈচিত্র্যময় সামুদ্রিক খাদ্য এবং মাছ ধরার শিল্পগুলি ন্যায্য এবং ন্যায়সঙ্গত তহবিলের সহায়তা পাওয়া নিশ্চিত করার উদ্দেশ্যে একটি ব্যাপক কর্মসূচী বাস্তবায়নের জন্য উপদেষ্টা গোষ্ঠী সহায়তা প্রদান করে। উপদেষ্টা দলের সদস্যরা হলেন:

- রবার্ট ড্যানিয়েলসন, মেরিন রিসোর্স অ্যাডভাইজরি কাউন্সিলের (Marine Resources Advisory Council) সদস্য এবং রিক্রিয়েশনাল ফিশিং এর (Recreational Fishing) স্টেকহোল্ডার;
- মেলিসা ডিয়ারবর্ন, মেরিন রিসোর্স অ্যাডভাইজরি কাউন্সিলের সদস্য এবং সামুদ্রিক বাণিজ্য শিল্পের (Marine Trade Industry) প্রতিনিধি;
- নীল ডিলানয়, ফর-হায়ার ফিশিং ইন্ডাস্ট্রির (For-Hire Fishing Industry) প্রতিনিধি;
- অ্যান্থনি ডিলারনিয়া, মিড-আটলান্টিক ফিশারি ম্যানেজমেন্ট কাউন্সিলের (Mid-Atlantic Fishery Management Council) নিউ ইয়র্কের প্রতিনিধি এবং ফর-হায়ার ফিশিং ইন্ডাস্ট্রির প্রতিনিধি;
- ড্যানিয়েল ফারনহাম, জুনিয়র, বাণিজ্যিক মাছ ধরা শিল্পের (Commercial Fishing Industry) প্রতিনিধি;
- এমারসন হ্যাসব্রউক, সাফোক কাউন্টির কর্নেল কোওপেরাটিভ এক্সটেনশন (Cornell Cooperative Extension);

- টমাস জর্ডান, সামুদ্রিক সম্পদ উপদেষ্টা পরিষদের সদস্য এবং বাণিজ্যিক মাছ ধরা শিল্পের প্রতিনিধি;
- পল ম্যাককর্মিক, অ্যাকোয়াকালচার শিল্পের (Aquaculture Industry) প্রতিনিধি;
- ক্রিস্টোফার কোয়ার্টুচ্চিও, অ্যাকোয়াকালচার শিল্পের প্রতিনিধি;
- গ্রেগ রিভেরা, সাফোক কাউন্টির কর্নেল সমবায় সম্প্রসারণ; এবং
- আগস্ট রাকডেশেল, সাফোক কাউন্টি অর্থনৈতিক উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ (Suffolk County Department of Economic Development and Planning)।

নিউ ইয়র্ক স্টেট বিনোদনমূলক মাছ ধরা বৃদ্ধি করা, সামুদ্রিক ইকোসিস্টেম পুনঃস্থাপন করা, লং আইল্যান্ডের অর্থনীতি জোরদার করা এবং জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করার জন্য একাধিক প্রচেষ্টা করছে। এর মধ্যে রয়েছে নিউ ইয়র্কের কৃত্রিম রিফ প্রোগ্রামের সম্প্রসারণ (New York's Artificial Reef Program), যা দেশের সর্ববৃহৎ অফশোর উইন্ড প্রোগ্রাম, পরিবেশ সুরক্ষা তহবিলে (Environmental Protection Fund) এবং পরিষ্কার জলের পরিকাঠামোতে রেকর্ড পরিমাণ বিনিয়োগ, অফশোর ড্রিলিংয়ে নিষেধাজ্ঞা, এবং লং আইল্যান্ড শেলফিশ পুনঃস্থাপন উদ্যোগে (Long Island Shellfish Restoration Initiative) অব্যাহত অগ্রগতি।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন